# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**10 APRIL 2026** **7:45—7:55**

---

১) রাজ্যের ১২৬ টি বিধানসভা আসনের ই ভি এম ও ভি ভিপেটগুলি সংশ্লিষ্ট জেলাগুলির ষ্ট্রং রুমে কঠোর নিরাপত্তা ব্যবস্থার মাধ্যমে রাখার ব্যবস্থা ।

২) ১২৩ নম্বর করিমগঞ্জ উত্তর বিধানসভা আসনের ২৩৯ নম্বর বেবিল্যান্ড হাই ইংলিশ স্কুল ভোটকেন্দ্রে নির্বাচন কমিশনের পুনরায় ভোটগ্রহনের নির্দেশ ।

৩) আসাম বিদ্যালয় শিক্ষা পর্ষদ পরিচালিত চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষনা । উত্তরপত্র পুনরায় পরীক্ষা করার জন্য আগামী ১৩ এপ্রিল পোর্টেল খোলা হবে বলে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের প্রকাশ ।

এবং

৪) গৌহাটীর বর্ষাপারায় আয়োজিত আই পি এল ক্রিকেট প্রতিযোগীতার আজকের রাজস্থান রয়েলস ও রয়েল চেলেঞ্জার্স ব্যাংগালুরুর খেলা বৃষ্টির জন্য বিঘ্নিত ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের ১২৬ টি বিধানসভা আসনে গতকাল ভোটদান প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হওয়ার পর ইভিএম এবং ভিভিপেটগুলো সংশ্লিষ্ট জেলা সমুহের ষ্ট্রংরুমগুলোতে কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে রাখা হয়েছে ।রাজ্যে প্রথমবারের জন্য একটি পর্যায়ে অনুষ্ঠিত নির্বাচনে এবার পূর্বের সব রেকর্ড ভঙ্গ করে ৮৫ শতাংশেরও বেশী ভোট পড়েছে ।তবে নির্বাচন কমিশনের চূড়ান্ত তথ্যে ভোটদানের হার বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে । এরপূর্বে ২০১৬ সালের বিধানসভা নির্বাচনে রাজ্যে ৮৪ দশমিক ৬-৭ শতাংশ এবং ২০২১ সালে ৮২ দশমিক ০-২ শতাংশ ভোট পড়েছিল ।নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ি আসাম , কেরালাম , এবং পুডুচেরীতে এবার সর্বাধিক মহিলা ভোটদাতারা

গণতান্ত্রিক অধিকার সাব্যস্ত করেছেন । আসামে ৮৬ দশমিক ৫-০ শতাংশ মহিলা ভোটদাতা ভোটাধিকার প্রয়োগ করেছেন । কেরালামে ৮১ দশমিক ১-৯ এবং পুডুচেরীতে ৯১ দশমিক ৪-০ মহিলা ভোটদাতা ভোটদান করেছেন ।
মুখ্য নির্বাচন কমিশনার অনুরাগ গোয়েল এই গণতান্ত্রিক প্রক্রিয়ায় অংশগ্রহণ করে স্বচ্ছ অবাধ ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠিত করার ক্ষেত্রে সহযোগিতা করার জন্য সব নাগরিকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন । মুখ্য নির্বাচন কমিশনার শ্রী গোয়েল নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার ক্ষেত্রে বিরামহীনভাবে কাজ করে যাওয়া ভোট কর্মী , নিরাপত্তাবাহিনী ও সব অংশীদারদের প্রশংশা করেন ।রাজ্য বিজেপি সভাপতি দিলীপ শইকিয়া স্বতস্ফুর্তভাবে ভোটদান করার জন্য রাজ্যবাসীকে ধন্যবাদ জানিয়েছেন । আজ এক সাংবাদিক সম্মেলনে বলেন যে পূর্বে যেসমস্ত অঞ্চলে ভাটদানের হার কম ছিল এবার সেইসব অঞ্চলে ভোটদানের হার বৃদ্ধি পেয়েছে ।

বাইট

-----------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন ১২৩ নম্বর উত্তর করিমগঞ্জ বিধানসভা আসনের ২৩৯ নম্বর বেবিল্যান্ড হাই ইংলিশ স্কুল ভোটকেন্দ্রে পুনর ভোটগ্রহণের নির্দেশ জারি করেছে । গতকাল অনুষ্ঠিত ভোটগ্রহণ সম্পর্কে লাভ করা প্রতিবেদন এবং সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনা করে নতুনদিল্লীর নির্বাচন কমিশনের সচিবালয় ১৯৫১ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ৫৮ নম্বর ধারা অনুযায়ি গতকালের ভোটগ্রহণ বাতিল করেছে । কমিশনের নির্দেশ অনুযায়ি আগামীকাল সকাল ৭ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত এই ভোটগ্রহণ কেন্দ্রে পুনরায় ভোটগ্রহণ করা হবে ।এই বিষয়ে শ্রীভূমি জেলার আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী বলেন ------

বাইট

-----------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধীন চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফলাফল আজ ঘোষনা করা হয়েছে । এবারের মাধ্যমিক পরীক্ষায় বজালীর পাটাসারকুচি শংকরদেব শিশু নিকেতনের জ্যোতির্ময় দাস ৯৮ দশমিক ৫ শতাংশ নম্বর পেয়ে রাজ্যের মধ্যে প্রথম স্থান লাভ করেছে । বিশ্বনাথের হাওয়াজানের অম্বিকাগিরি রায় চৌধুরী জাতীয় বিদ্যালয়ের ছাত্রী আকাংঙ্খা ভূইয়া দ্বিতীয় স্থান , ডিব্রুগড়ের লিটিল ফ্লাউয়ার হায়ার সেকেন্ডারী স্কুলের জিয়া ফারাহ ইসলাম তৃতীয় ও নলবারীর লিটিল ফ্লাউয়ার স্কুলের সুরজিৎ আখতার চতুর্থ স্থান লাভ করেছে ।

চলতি বছরের মাধ্যমিক পরীক্ষায় মোট ৪ লক্ষ ৩৮ হাজার ৫৬৫ জন পরীক্ষার্থী অবতীর্ন হয়েছিল । এর মধ্যে ৮৫ হাজার ১৮৯ জন প্রথম বিভাগে , ১ লক্ষ ৫০ হাজার ১৬৭ জন দ্বিতীয় বিভাগে , ৪৬ হাজার ৩৪৫ জন তৃতীয় বিভাগে উত্তীর্ন হয়েছে ।এবারের পরীক্ষায় মোট উত্তীর্নের হার ৬৫ দশমিক ৬-২ শতাংশ । ছাত্রের উত্তীর্নের হার ৬৭ দশমিক ৭-৮ শতাংশ ও ছাত্রীর উত্তীর্নের হার ৬৩ দশমিক ৯-৬ শতাংশ । সর্বাধিক ৮৮ দশমিক ২-৩ শতাংশ উত্তীর্নর হারে ডিমা হাসাও জেলা প্রথম স্থান লাভ করেছে । দ্বিতীয় স্থানে ৮৪ দশমিক ০-৮ শতাংশ উত্তীর্নর হারে শিবসাগর জেলা , ও তৃতীয় স্থানে ৭৮ দশমিক ৬-৮ শতাংশ উত্তীর্নর হারে ডিব্রুগড় জেলা রয়েছে ।

এদিকে বরাক উপত্যকার তিনজেলার মাধ্যমিক পরীক্ষার ফলাফল অনুযায়ী শ্রীভূমি জেলা রাজ্যের মধ্যে ১৬ তম স্থান লাভ করেছে ।পাশের হার হচ্ছে ৬৬ দশমিক ২৬ শতাংশ ।বরাক উপত্যকার তিনজেলার মধ্যে শ্রীভূমি জেলা প্রথম স্থানে রয়েছে । এরপরের স্থানে রয়েছে হাইলাকান্দি জেলা । হাইলাকান্দিতে পাশের হার হচ্ছে ৫১ দশমিক ৮১ শতাংশ এবং কাছাড় জেলা তৃতীয় স্থানে রয়েছে । পাশের হার হচ্ছে ৪৯ দশমিক ১-৩ শতাংশ ।

এদিকে মাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র পুনরায় পরীক্ষা করতে চাওয়া পরীক্ষার্থীদের জন্য আগামী ১৩ এপ্রিল পোর্টেল খোলা হবে । তিনটি বিষয়ে অনুত্তীর্ন বা মোট ১৭০ নম্বর লাভ কম্পার্টমেন্টেল পরীক্ষায় অবতীর্ন হতে চাওয়া পরীক্ষার্থীদের জন্য খুব শীঘ্র পোর্টেল খোলা হবে বলে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধ্যক্ষ রমেশ চান্দ জৈন জানিয়েছেন ।

---

জুবিন গার্গের সিঙ্গাপুরে রহস্যজনক মৃত্যুর মামলায় অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিন চেয়ে আজ বিচারপতি শর্মিলা ভূইয়ার ফাষ্টট্রেক আদালতে আবেদন দাখিল করা হয়েছে । অভিযুক্ত মহন্তের স্ত্রী অনিতা ডেকা মহন্ত পুলিশের জব্দ করা কিছু সামগ্রী ফেরৎ চেয়ে একটি পৃথক আবাদন দাখিল করেছে । আজকের শুনানীতে বিশেষ পাবলিক প্রতিকিউটার জীয়াউল কামার এই আবেদন দুটির প্রত্যুত্তর দেওয়ার জন্য আদালতের কাছে সময় চাইলে আদালত দুটি আবেদনের শুনানীর দিন আগামী ২২ এপ্রিল ধার্য করেছে । উল্লেখ্য শামকানু মহন্তের জামিনের আবেদন পূর্বে নাকচ করা হয়েছিল ।

---

গুয়াহাটীর বর্ষাপারায় আয়োজিত আই পি এল ক্রিকেট প্রতিযোগীতায় আজ রাজস্থান রয়েলস ও রয়েল চ্যালেঞ্জার্স দল পরস্পরের মুখোমুখি হবে । তবে শেষ পাওয়া খবর অনুযায়ী  বৃষ্টির জন্য খেলা এখনো শুরু হয় নি ।

---

পশ্চিম এশিয়ার সংঘর্ষের মধ্যে দেশে বিদ্যুৎ এবং শক্তির আবশ্যকতার চাহিদা সফলভাবে পূরণ করা হচ্ছে বলে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে ।নতুনদিল্লীতে আজ আন্তমন্ত্রনালয় পর্যায়ের এক সাংবাদিক সম্মেলনে শক্তি মন্ত্রনালয়ের সচিব পীযুষ সিং বলেন যে সব তাপবিদ্যুৎ প্রকল্পের কাজ পূর্ণ উৎপাদন ক্ষমতায় অব্যাহত রয়েছে এবং পর্যাপ্ত মাত্রায় কয়লা মজুত আছে ।তিনি বলেন যে সরকার আগামী তিন মাসে তাপ , সৌর , বায়ু এবং হাইড্র গ্যাস খন্ডে ২২ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করার পরিকল্পনা করছে । সাংবাদিক সম্মেলনে পেট্রলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রনালয়ের যুগ্ম সচিব সুজাতা শর্মা বলেন যে দেশে রান্নার গ্যাস এবং জ্বালানী সরবরাহ সুস্থির রয়েছে ।পেট্রল এবং ডিজেল পর্যাপ্ত পরিমানে মজুত রয়েছে এবং কোন স্থান থেকে কোন সংকটের খবর পাওয়া যায়নি ।তিনি বলেন যে গত ১৪ মার্চ থেকে ১ লক্ষ ৬ হাজার টন বানিজ্যিক রান্নার গ্যাস সরবরাহ করা হয়েছে ।প্রতিদিন ৫ কিলোগ্রাম ওজনের ১ লক্ষ রান্নার গ্যাসের সিলিন্ডার বিক্রী হচ্ছে বলে তিনি জানান ।

---

আজ বিশ্ব হোমিওপ্যাথি দিবস । হোমিওপ্যাথি বিশ্বের দ্বিতীয় সর্ববৃহৎ চিকিৎসা ব্যবস্থা । এবছর বিশ্ব হোমিওপ্যাথি দিবসের মূল ভাবনা হচ্ছে- বহনক্ষম স্বাস্থ্যের জন্য হোমিওপ্যাথি । স্বাস্থ্য সেবার সর্বাত্মক দৃষ্টিভঙ্গী বহন করা হোমিওপ্যাথি প্রাকৃতিক পদ্ধতির মাধ্যমে বিশ্বের লক্ষ লক্ষ লোককে আকর্ষিত করে আসছে ।
আয়ুষ মন্ত্রক  আজ নতুন দিল্লীতে বিশ্ব হোমিওপ্যাথি দিবসের আয়োজন করে । মন্ত্রকের পক্ষ থেকে এ উপলক্ষ্যে দু দিনের আলোচনা সভার আয়োজন করা হয়েছে । এই আলোচনা সভায় নীতি নির্মাতা , গবেষক , চিকিৎসক এবং অন্যান্য প্রতিনিধিরা অংশগ্রহন করছেন । আয়ুষ মন্ত্রক জানিয়েছে যে আগামীকাল , হোমিওপ্যাথি ক্ষেত্রে গবেষনার অগ্রগতি , জনস্বাস্থ্য পদক্ষেপ এবং নীতি বিকাশ ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হবে ।

---

শিলচরের আসাম বিশ্ববিদ্যালরের পাঁচজন শিক্ষার্থী শিলং-এ আগামী ১২ ও ১৩ই এপ্রিল অনুষ্ঠেয় আঞ্চলিক স্তরের বাজেট কুয়েট প্রোগ্রামে অংশগ্রহনের সুযোগ পেয়েছে । নির্বাচিত শিক্ষার্থী হচ্ছে আইন বিভাগের মাধবেন্দু চক্রবর্তী , কমপিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের সমীর দাস ও প্রতীম আচার্যী , ফার্মাসিউটিকেল সায়েন্স বিভাগের অভিষেক নাথ এবং সোসিয়লজি বিভাগের প্রাক্তন ছাত্রী বীনা রাণী দাস । এই কার্যসূচীতে উত্তর-পূর্ব ভারতের ৮১৯ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহন করবে এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে বক্তব্য রাখা সহ ছাত্র-ছাত্রীদের সঙ্গে মত বিনিময় করবেন ।

---------------------------------------------------------------------------------